

ভারত সফরে শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী

শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মহামান্য জনাব রানিল বিক্রমসিংহে ভারতে একটি সফর করছেন ২৫-২৯ এপ্রিল ২০১৭, তিনি সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির সঙ্গে। দুই নেতা পারস্পরিক স্বার্থজনিত দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা করেন। প্রধানমন্ত্রী শ্রীলঙ্কান প্রধানমন্ত্রীর সম্মানার্থে একটি মধ্যাহ্নভোজের আয়োজন করেন।

পররাষ্ট্রমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, সড়ক, পরিবহন, জাতীয় সড়ক এবং নৌপরিবহন মন্ত্রী আজ সফররত সম্মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন।

মার্চ ২০১৫ তে প্রধানমন্ত্রীর শ্রীলঙ্কা সফর এবং ফেব্রুয়ারি ২০১৫ থেকে শ্রীলঙ্কার প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রীর ভারত সফর-সহ গত দু'বছরে শীর্ষ পর্যায়ে প্রতিনিধির যাতায়াতে যে গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলি নিয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, তার অগ্রগতি নিয়ে ভারতীয় নেতৃত্বের সঙ্গে আলোচনা করেন সফররত প্রধানমন্ত্রী। উভয়পক্ষ অগ্রগতির বিষয় সন্তোষ প্রকাশ করেন এবং যা দু'দৈশের মধ্যে ঐতিহাসিকভাবে ঘনিষ্ঠ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও মজবুত করবে।

প্রতিবেশী দেশের সম্বন্ধিতে ভারতের প্রতিশ্রুতির কথা পুনর্ব্যক্ত করেন ভারতীয় প্রতিনিধিরা এবং স্থাতিশীল, শান্তিপূর্ণ ও সমৃদ্ধ শ্রীলঙ্কার জন্য শ্রীলঙ্কান নেতৃবৃন্দের স্বপ্ন বাস্তবায়নের ক্ষেত্রে ভারত তার সমর্থনের কথা জানায়।

নেতৃবৃন্দ ‘অর্থনৈতিক প্রকল্পে সহযোগিতা’ বিষয়ে মউ স্বাক্ষরকে স্বাগত জানান, যা ভবিষ্যতে দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্ককে আরও মজবুত করবে। উভয়পক্ষ এই পারস্পরিক উপকারী কর্মসূচি দ্রুত বাস্তবায়নের বিষয়ে প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

তাঁরা অর্থনৈতিক ও প্রযুক্তি সহযোগিতা চুক্তির উপর চলমান আলোচনার নিয়ে দ্রুত সিদ্ধান্তের বিষয়ে আশা প্রকাশ করে।

‘শ্রীলঙ্কার সমন্বয় সাধন, দায়-দায়িত্ব এবং মানবাধিকারের উন্নয়ন’ বিষয়ে গত মাসে রাষ্ট্রসংগঠনের মানবাধিকার কাউন্সিল (ইউএনএইচআরসি)-এ শ্রীলঙ্কার পৃষ্ঠপোষকতার বিষয়টিকে ভারত স্বাগত জানায়, ভারতীয় নেতৃত্বন্দ আশা প্রকাশ করে পুনর্গঠন সংক্রান্ত সুপারিশ নির্ধারিত দু'বছরের সময়কালের মধ্যে সম্পন্ন হবে।

ভারতীয় মৎস্যজীবীদের বিষয়টি নিয়ে যাতে শ্রীলঙ্কা সরকার মানবিকতার সঙ্গে বিচার করে, যে কোনও পরিস্থিতিতে বলপ্রয়োগ না করে, তার অনুরোধ জানায় ভারত। উভয় পক্ষ এই মাসের প্রথমে কলম্বোতে মৎস্যজীবী ইস্যুতে ঘোথ ওয়ার্কিং গ্রুপের বৈঠককে স্বাগত জানায়। গভীর সমুদ্রে মাছ ধরার ক্ষেত্রে মৎস্যজীবীদের উৎসাহিত করতে ভারতের পক্ষ থেকে নেওয়া পদক্ষেপের বিষয়ে শ্রীলঙ্কান পক্ষকে জানায় ভারতীয় প্রতিনিধিরা।

শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী ভারতীয় প্রধানমন্ত্রীকে শ্রীলঙ্কায় আসন্ন ভেসক দিবসের জন্য শ্রীলঙ্কা সফরের আমন্ত্রণ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে এবং উভয় সরকারের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত হয়েছে।

নয়াদিল্লি

এপ্রিল ২৬, ২০১৭